

নির্দেশ বিভাগ নম্বর: ১৪২১/২৬

তারিখ: ১২ আগস্ট ২০২৬
২৮ শ্রাবণ ১৪৩৩

সকল মহাব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক
একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক এবং সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/ জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারি কোম্পানি।

বিষয়: সরকারি বন্ড (Treasury Bond) এর বিপরীতে ঋণ প্রদান।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৭, তারিখ: ১১.০৩.২০২৬ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

উক্ত সার্কুলারের আলোকে সরকারি বন্ড (Treasury Bond) এর বিপরীতে ঋণ প্রদান বিষয়ক একটি খসড়া নীতিমালা গত ০৪.০৮.২০২৬ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৮৯৭তম সভায় উপস্থাপন করা হলে পর্ষদ কর্তৃক নিম্নোক্ত নীতিমালা অনুমোদন করা হয় :


২। নীতিমালাঃ

ক	ঋণ সুবিধার নাম	ঃ সরকারি বন্ড (Treasury Bond) এর বিপরীতে ঋণ।
খ	ঋণের ধরণ	ঃ ওভারড্রাফট/মেয়াদী ঋণ।
গ	ঋণের উদ্দেশ্য	ঃ গ্রাহকের ব্যক্তিগত প্রয়োজন। তবে বন্ড ক্রয়ের উদ্দেশ্যে ব্যাংক কর্তৃক কোন ঋণ প্রদান করা যাবে না।
ঘ	ঋণ প্রাপ্তির যোগ্যতা	ঃ আমানতকারীর নিজ নামে কেবল জনতা ব্যাংক পিএলসি. হতে ক্রয়কৃত সরকারি বন্ড (Treasury Bond) এর বিপরীতে ঋণ প্রদান করা যাবে। অন্য ব্যাংক হতে ক্রয়কৃত বন্ডের বিপরীতে ঋণ প্রদান করা যাবে না। গ্রাহককে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে (আবেদনপত্রের নমুনা পরিশিষ্ট-ক)।
ঙ	ঋণসীমা	ঃ বন্ডের অভিহিত মূল্যের (Face Value) সর্বোচ্চ ৭৫% পর্যন্ত ঋণ সুবিধা প্রদান করা যাবে। তবে সুদারোপের কারণে ঋণের স্থিতি বন্ডের অভিহিত মূল্যকে অতিক্রম করতে পারবে না।
চ	ঋণের মেয়াদ	ঃ ওভারড্রাফট ঋণের ক্ষেত্রে মেয়াদ হবে এক বছর (মেয়াদ শেষে নবায়নযোগ্য)। মেয়াদী ঋণের ক্ষেত্রে মেয়াদ হবে তিন বছর হতে সর্বোচ্চ আট বছর। তবে ঋণের মেয়াদ কোনভাবেই বন্ডের মেয়াদের বেশি হবে না।
জ	মঞ্জুরি ক্ষমতা	ঃ শাখা ব্যবস্থাপক সরকারি বন্ডের অভিহিত মূল্যের ৭৫% পর্যন্ত ঋণ মঞ্জুরি প্রদান করতে পারবেন।
ঝ	সুদের হার	ঃ সরকারি বন্ড (Treasury Bond) এর উপর প্রদত্ত সুদহারের উর্ধ্বে ৩%। প্রতি ত্রৈমাসিকে আরোপযোগ্য ও আদায়যোগ্য হবে।
ঞ	পরিশোধ পদ্ধতি	ঃ ১) ওভারড্রাফট ঋণের ক্ষেত্রে ঋণের মেয়াদ সীমার মধ্যে পরিশোধ্য। ২) মেয়াদী ঋণের ক্ষেত্রে মাসিক কিস্তিতে পরিশোধযোগ্য। ৩) নির্ধারিত মেয়াদের মধ্যে এ ঋণ সমন্বয় নিশ্চিত করতে হবে। অন্যথায় বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ ক্ষেত্রে বন্ড নগদায়নের জন্য গ্রাহকের নিকট হতে ক্ষমতা অর্পণ পত্র গ্রহণ করতে হবে।

বিষয়: সরকারি বন্ড (Treasury Bond) এর বিপরীতে ঋণ প্রদান।

ট	গ্রাহকের অঙ্গীকারনামা	:	বন্ডের বিপরীতে গৃহীত ঋণের টাকা দিয়ে পুনরায় বন্ড কেনা হবে না মর্মে গ্রাহকের নিকট হতে অঙ্গীকারনামা গ্রহণ করতে হবে।																							
ঠ	ঋণের জামানত	:	ঋণ বিতরণের পূর্বে শাখা কর্তৃক প্রধান কার্যালয়ের ট্রেজারি ডিপার্টমেন্টের মাধ্যমে Financial Market Infrastructure (FMI) সিস্টেমে গ্রাহকের ট্রেজারি বন্ডকে লিয়েন মার্ক করতে হবে। লিয়েন সংক্রান্ত তথ্য নথিতে সংরক্ষণ করতে হবে।																							
ড	চার্জ ডকুমেন্ট	:	ঋণ বিতরণের পূর্বে প্রয়োজনীয় চার্জ ডকুমেন্ট গ্রহণ করে নথিভুক্ত করতে হবে।																							
ঢ	ঋণের তদারকি	:	প্রধান কার্যালয়ের ট্রেজারি ডিপার্টমেন্ট কর্তৃক এ ঋণের সার্বিক তদারকি নিশ্চিত করতে হবে।																							
ণ	রিপোর্টিং	:	বাংলাদেশ ব্যাংকের বিদ্যমান নীতিমালা অনুযায়ী ঋণ শ্রেণিকরণ ও সিআইবিতে রিপোর্ট করতে হবে।																							
ত	T-24 সফটওয়্যারের সংশ্লিষ্ট হেড ও কোড নম্বর	:	শাখা কর্তৃক ঋণ বিতরণের ক্ষেত্রে নিম্নোক্ত হেড ও কোড ব্যবহার করতে হবে:																							
		<table><tr><th>Loan Product Name</th><th>Loan Category</th><th>Head Parent Limit</th><th>Parent Limit</th><th>Child Limit</th></tr><tr><td>Loan against Treasury Bond (SOD)</td><td>1916</td><td>1100</td><td>1140</td><td>1147</td></tr><tr><td>Loan against Treasury Bond (Term)</td><td>1917</td><td>1800</td><td>1890</td><td>1897</td></tr></table>					Loan Product Name	Loan Category	Head Parent Limit	Parent Limit	Child Limit	Loan against Treasury Bond (SOD)	1916	1100	1140	1147	Loan against Treasury Bond (Term)	1917	1800	1890	1897					
		Loan Product Name	Loan Category	Head Parent Limit	Parent Limit	Child Limit																				
		Loan against Treasury Bond (SOD)	1916	1100	1140	1147																				
		Loan against Treasury Bond (Term)	1917	1800	1890	1897																				
		:	<table><tr><th>SL</th><th>Head of Accounts</th><th>COA Code</th><th>Category</th></tr><tr><td>1</td><td>Loan against Treasury Bond (SOD)</td><td>1220302011</td><td>Assets</td></tr><tr><td>2</td><td>Loan against Treasury Bond (Term)</td><td>1220301031</td><td>Assets</td></tr><tr><td>3</td><td>Interest Receivable on Loan against Treasury Bond</td><td>1220502021</td><td>Assets</td></tr><tr><td>4</td><td>Interest Income on Loan against Treasury Bond</td><td>1230101004</td><td>Income</td></tr></table>				SL	Head of Accounts	COA Code	Category	1	Loan against Treasury Bond (SOD)	1220302011	Assets	2	Loan against Treasury Bond (Term)	1220301031	Assets	3	Interest Receivable on Loan against Treasury Bond	1220502021	Assets	4	Interest Income on Loan against Treasury Bond	1230101004	Income
		SL	Head of Accounts	COA Code	Category																					
1	Loan against Treasury Bond (SOD)	1220302011	Assets																							
2	Loan against Treasury Bond (Term)	1220301031	Assets																							
3	Interest Receivable on Loan against Treasury Bond	1220502021	Assets																							
4	Interest Income on Loan against Treasury Bond	1230101004	Income																							
থ	সিএল রিপোর্টিং	:	১. Loan against Treasury Bond (SOD): Continuous Loan(CL-2) এর (III) Consumer Financing (Other than Credit Card) অথবা গ্রাহকের ঋণ গ্রহণের উদ্দেশ্য অনুসারে (CL-2) এর (VIII) Other Credit প্রযোজ্য হবে। ২. Loan against Treasury Bond (Term): Fixed Term (CL-4) এর (III) Consumer Financing (Other than Housing Finance) অথবা গ্রাহকের ঋণ গ্রহণের উদ্দেশ্য অনুসারে (CL-4) এর (VIII) Other Credit প্রযোজ্য হবে।																							
ড	বিশেষ প্রয়োজনে যোগাযোগ	:	লোনের বিপরীতে ট্রেজারি বন্ড লিয়েন করা অথবা সার্কুলারের বিষয়ে কোন ব্যাখ্যা প্রয়োজন হলে ট্রেজারি ডিপার্টমেন্ট, গভর্নমেন্ট সিকিউরিটি সেল, ক্লাইয়েন্টাল উইন্ডো, ফোন নং- ০২-৫৫১১০০২২ তে যোগাযোগ করা যেতে পারে।																							

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।


সুবাস কুমার সরদার
উপমহাব্যবস্থাপক

আপনাদের বিশ্বস্ত,


মোহাম্মদ সাফিউর রহমান
মহাব্যবস্থাপক

ট্রেজারি বন্ডের বিপরীতে ঋণের আবেদনপত্র

বরাবর

ব্যবস্থাপক

.. শাখা

জনতা ব্যাংক পিএলসি.

বিষয় : আমার/আমাদের নিজ নামীয় টাকার ট্রেজারি বন্ডের বিপরীতে টাকার এসওডি(এফও)/মেয়াদী ঋণ মঞ্জুরির আবেদন।

প্রিয় মহোদয়,

আমি/আমরা নিম্নস্বাক্ষরকারী আপনার শাখা হতে টাকার ট্রেজারি বন্ড ক্রয় করেছি। আমার ব্যক্তিগত/পারিবারিক প্রয়োজনে উক্ত বন্ড লিয়েন রেখে টাকা ঋণ মঞ্জুরির অনুরোধ জানাচ্ছি। এ লক্ষ্যে আমার ব্যক্তিগত ও বন্ড সংক্রান্ত তথ্য নিম্নে উপস্থাপন করা হলো।

- ১। আবেদনকারীর নাম :
- ২। পিতা/স্বামীর নাম :
- ৩। জাতীয় পরিচয়পত্র নম্বর :
- ৪। যোগাযোগের ঠিকানা :
- ৫। মোবাইল নম্বর :
- ৬। ই-মেইল (যদি থাকে) :
- ৭। ISIN নম্বর :
- ৮। BPID নম্বর :
- ৯। বন্ডের ইস্যু তারিখ :
- ১০। বন্ডের ম্যাচুরিটি তারিখ :
- ১১। বন্ডের মেয়াদ :
- ১২। বন্ডের ফেস ভ্যালু :
- ১৩। আবেদনকৃত ঋণের পরিমাণ :

ঘোষণাঃ

আমি/আমরা এতদ্বারা ঘোষণা করছি যে:

১. উপরে দেওয়া সমস্ত তথ্য আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য এবং সঠিক।
২. উপরে উল্লেখিত ট্রেজারি বন্ড(সমূহ) আমার নিজস্ব মালিকানাধীন এবং এটি সব ধরনের দায় বা ঋণমুক্ত।
৩. আমি/আমরা ঋণের জামানত হিসেবে উপরে উল্লেখিত ট্রেজারি বন্ড(সমূহ) লিয়েন (Lien) রাখতে সম্মত আছি।
৪. ট্রেজারি বন্ডের বিপরীতে ঋণ সংক্রান্ত প্রচলিত সকল নিয়ম, কানুন এবং নীতি মেনে চলতে আমি/আমরা সম্মত আছি।
৫. সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছ থেকে আমার ক্রেডিট তথ্য (CIB) সংগ্রহ করার জন্য আমি/আমরা ব্যাংককে সম্মতি দিচ্ছি।
৬. আমি/আমরা নিশ্চিত করছি যে, এ তহবিল কেবল বৈধ উদ্দেশ্যে ব্যবহার করা হবে এবং ঋণের অর্থ পুনরায় বন্ড ক্রয়ে ব্যবহার করা হবে না।
৭. নির্ধারিত মেয়াদের মধ্যে ঋণ পরিশোধে ব্যর্থ হলে বন্ড নগদায়নের মাধ্যমে ঋণ সমন্বয় করার জন্য ব্যাংকের বরাবর ক্ষমতা অর্পণ করছি।
৮. আমি/আমরা উপরে উল্লেখিত সমস্ত ঘোষণা অনুচ্ছেদের সাথে একমত এবং তা স্বীকার করছি।



শর্তাবলীঃ

১. ঋণ মঞ্জুরি ব্যাংকের অনুমোদনের ওপর নির্ভরশীল।
২. ঋণ সম্পূর্ণ পরিশোধ না হওয়া পর্যন্ত ট্রেজারি বন্ড(সমূহ) ব্যাংকের লিয়েনে (অধীনে) থাকবে।
৩. সুদের হার এবং পরিশোধের শর্তাবলী ব্যাংকের নীতি অনুযায়ী নির্ধারিত হবে।
৪. ওভারড্রাফট সুবিধার ক্ষেত্রে ঋণের মেয়াদ হবে এক বছর, যা প্রতি বছর নবায়নযোগ্য। ঋণের সর্বোচ্চ মেয়াদ বন্ডের ম্যাচিউরিটি (মেয়াদোত্তীর্ণের) তারিখের বেশি হবে না এবং যেকোনো অবস্থাতেই তা সর্বোচ্চ ৮ বছরের মধ্যে সীমাবদ্ধ থাকবে।
৫. জনতা ব্যাংকের ক্রেডিট নীতি এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে জারি করা নির্দেশনা এই ঋণের ক্ষেত্রে প্রযোজ্য হবে।
৬. ব্যাংক প্রয়োজনীয় মনে করলে বন্ডের কুপন (মুনাফা) ব্লক বা আটকে রাখার অধিকার রাখে।
৭. মার্জিন কল (Margin Call): যদি বন্ডের বাজারমূল্য বকেয়া ঋণের পরিমাণের চেয়ে কমে যায়, তবে ঋণগ্রহীতাকে অবশ্যই তা পরিশোধ করতে হবে। অন্যথায় ব্যাংক ঋণ সমন্বয়ের জন্য বন্ডের প্রয়োজনীয় অংশ বিক্রি করার ক্ষমতা রাখবে।

আমি/আমরা উপরের সমস্ত শর্তাবলী পড়েছি, বুঝেছি এবং এগুলোর সাথে একমত পোষণপূর্বক ঋণ মঞ্জুরির অনুরোধ করছি।

আবেদনকারীর স্বাক্ষরঃ

তারিখ :

